



যুক্তরাষ্ট্র থেকে ফেরত এলো আরও ৩০ বাংলাদেশি অভিবাসী



সংগৃহীত ছবি

অবৈধভাবে অবস্থানের অভিযোগে যুক্তরাষ্ট্র থেকে ফেরত পাঠানো হয়েছে ৩০ জন বাংলাদেশিকে। বৃহস্পতিবার রাতে ঢাকায় পৌঁছানো এই দলটির মধ্যে রয়েছেন ২৯ জন পুরুষ ও ১ জন নারী। ট্রান্সপ প্রশাসনের কর্তার অভিবাসন নীতির অংশ হিসেবে এবারই তৃতীয় দফায় বাংলাদেশিদের ফেরত পাঠানো হলো।

উন্নত জীবনের স্বপ্ন নিয়ে যুক্তরাষ্ট্রে গিয়েছিলেন তারা। কিন্তু অবৈধভাবে অবস্থানের অভিযোগে শেষ পর্যন্ত ফিরতে হলো বাংলাদেশেই। এবার ফেরত এসেছেন আরও ৩০ জন বাংলাদেশি অভিবাসী।

বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) রাত সাড়ে ১১টার দিকে যুক্তরাষ্ট্র থেকে ফেরত পাঠানো অভিবাসনবিরোধী বিমানে তারা পৌঁছান ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে। ফিরতি যাত্রীদের মধ্যে ২৯ জন পুরুষ ও ১ জন নারী রয়েছেন। তবে এ সময় তাদের কেউই গণমাধ্যমের সঙ্গে কথা বলেননি।

ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় মেয়াদে প্রেসিডেন্ট হওয়ার পর অবৈধ অভিবাসীদের ফেরত পাঠানোর অভিযান জোরদার করেছে যুক্তরাষ্ট্র। ইতোমধ্যে তিন দফায় মোট ১৮৭ জন বাংলাদেশি দেশে ফিরে আসতে বাধ্য হয়েছেন। এর ধারাবাহিকতায় ফেরত পাঠানো হচ্ছে আরও বাংলাদেশি এবং অন্যান্য দেশের নাগরিকদেরও